রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**মঙ্গলবার, জুলাই ১৬, ২০২৪**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**সমাজকল্যাণ মন্ত্রণালয়**
**সামাজিক নিরাপত্তা শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ৩০ আষাঢ়, ১৪৩১/ ১৪ জুলাই, ২০২৪

নং **৪১.০০.০০০০.০২৩.৩২.০০৫.২১.৩৯৭**—জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল-২০১৫ (National Social Security Strategy- NSSS) অনুযায়ী সমন্বিত উপায়ে সামাজিক নিরাপত্তা বেষ্টনীর অধীনে প্রদত্ত সুবিধার সুষম বন্টন, উপকারভোগী নির্বাচন প্রক্রিয়া শক্তিশালীকরণ এবং ইলেকট্রনিক উপায়ে (Government to Person- G2P) সরাসরি ভাতাভোগীদের নিকট ব্যাংক অথবা মোবাইল হিসাবে বিধবা ও স্বামী নিগৃহীতা ভাতার অর্থ ন্যস্ত করা এবং মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জাতীয় পর্যায়ে বিভিন্ন স্তরে গঠিত সামাজিক নিরাপত্তা কর্মসূচি ব্যবস্থাপনা কমিটির সাথে সামঞ্জস্য রেখে বিধবা ও স্বামী নিগৃহীতা ভাতা কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে ২০১৩ সালে প্রণীত নীতিমালা সংশোধনপূর্বক “বিধবা ও স্বামী নিগৃহীতা ভাতা কর্মসূচি বাস্তবায়ন নীতিমালা-২০২৪” জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ ছরোয়ার হোসেন**
যুগ্মসচিব (কার্যক্রম)।


মূল্য : টাকা ৪০.০০

## "বিধবা ও স্বামী নিগৃহীতা ভাতা কর্মসূচি বাস্তবায়ন নীতিমালা-২০২৪"
## Implementation Manual for Allowances to the Husband Deserted and the Widow-2024

**১.০ পটভূমি:**

১.১ পৃথিবীর অন্যান্য কল্যাণ রাষ্ট্রের ন্যায় বাংলাদেশেও সরকার সামাজিক নিরাপত্তা বেষ্টনী সুদৃঢ়করণের লক্ষ্যে দেশের দুঃস্থ, অবহেলিত, এতিম, প্রতিবন্ধী এবং অনগ্রসর মানুষের কল্যাণ ও উন্নয়নের ক্ষেত্রে সমাজকল্যাণ মন্ত্রণালয়ের মাধ্যমে ব্যাপক ও বহুমুখী কর্মসূচি বাস্তবায়ন করছে। সামাজিক নিরাপত্তা বিধানে সরকার সংবিধানের ১৫ (ঘ) অনুচ্ছেদে প্রদত্ত সাংবিধানিক দায়িত্বের অংশ হিসেবে বিধবা ও স্বামী নিগৃহীতা ভাতা কর্মসূচি বাস্তবায়ন করছে এবং সামাজিক নিরাপত্তা কৌশলে নির্দেশিত জীবনচক্র ভিত্তিক কর্মসূচিতে ঝুঁকিগ্রস্থ নারীদের (বিধবা, তালাকপ্রাপ্ত এবং স্বামী নিগৃহীতা) জন্য আর্থিক কর্মসূচি বাস্তবায়নের কথা বলা হয়েছে।

১.২ সংবিধানে বর্ণিত মৌলিক অধিকার নিশ্চিতকরণের লক্ষ্যে পল্লী অঞ্চলের বিধবা ও স্বামী নিগৃহীতাদের দারিদ্র, অসহায়ত্বের কথা বিবেচনা করে তাদের দুঃখ-দুর্দশা লাঘব করার জন্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক বিধবা ও স্বামী নিগৃহীতা ভাতা প্রদানের প্রস্তাবটি অনুমোদিত হওয়ার পরিপ্রেক্ষিতে সমাজকল্যাণ মন্ত্রণালয়কে বিধবা ও স্বামী নিগৃহীতাদের জন্য ভাতা কর্মসূচি বাস্তবায়নের দায়িত্ব প্রদান করা হয়। ১৯৯৮ সালে সমাজকল্যাণ মন্ত্রণালয় হতে প্রতি ওয়ার্ডে ১০ জন করে মোট ৪,০৩,১১০ জন বিধবা ও স্বামী নিগৃহীতা প্রতিজনকে এককালীন ১০০ (একশত) টাকা হারে ভাতা প্রদানের মাধ্যমে এ কর্মসূচি শুরু করা হয়। পরবর্তিতে মহানগর ব্যতীত শহর/উপজেলা পর্যায়ের পৌরসভা এলাকায় এ কর্মসূচি সম্প্রসারণ করা হয়।

১.৩ জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল-২০১৫ (National Social Security Strategy-NSSS) অনুযায়ী সমন্বিত উপায়ে সামাজিক নিরাপত্তা বেষ্টনীর অধীনে প্রদত্ত সুবিধার সুষম বন্টন, উপকারভোগী নির্বাচন প্রক্রিয়া শক্তিশালীকরণ এবং ইলেকট্রনিক উপায়ে (Government to Person- G2P) সরাসরি ভাতাভোগীদের নিকট ব্যাংক অথবা মোবাইল হিসাবে বিধবা ও স্বামী নিগৃহীতা ভাতার অর্থ ন্যস্ত করা এবং মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জাতীয় পর্যায়ে বিভিন্ন স্তরে গঠিত সামাজিক নিরাপত্তা কর্মসূচি ব্যবস্থাপনা কমিটির সাথে সামঞ্জস্য রেখে বিধবা ও স্বামী নিগৃহীতা ভাতা কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে ২০১৩ সালে প্রণীত নীতিমালা সংশোধনপূর্বক "বিধবা ও স্বামী নিগৃহীতা ভাতা কর্মসূচি বাস্তবায়ন নীতিমালা (সংশোধন) -২০২৪" প্রণয়ন করা হয়েছে।

**২.০ বিধবা ও স্বামী নিগৃহীতার সংজ্ঞা**

বিধবা ও স্বামী নিগৃহীতাদের ভাতা কর্মসূচির আওতায় 'বিধবা' বলতে যাদের স্বামী মৃত এবং 'স্বামী নিগৃহীতা' বলতে যারা স্বামী কর্তৃক তালাকপ্রাপ্ত বা অন্য যে কোন কারণে অন্তত ০২ (দুই) বছর যাবৎ স্বামীর ভরণ পোষণ থেকে বঞ্চিত বা যোগাযোগ বিচ্ছিন্ন তাদেরকেই বুঝানো হবে।

**৩.০ ভিশন ও মিশন**

**৩.১ ভিশন**

দেশের দুঃস্থ, অবহেলিত, সুবিধাবঞ্চিত, তালাকপ্রাপ্ত ও স্বামী নিগৃহীতা এবং বিধবাদের সামাজিক সুরক্ষা, কল্যাণ ও উন্নয়ন।

**৩.২ মিশন**

১. বিধবা ও স্বামী নিগৃহীতাদের আর্থ-সামাজিক উন্নয়ন ও সামাজিক নিরাপত্তা বিধান;

২. পরিবার ও সমাজে তাদের মর্যাদা বৃদ্ধি;

৩. আর্থিক অনুদানের মাধ্যমে তাদের মনোবল জোরদারকরণ;

৪. দারিদ্র্য বিমোচনে সহায়তা করা;

৫. চিকিৎসা ও পুষ্টি সরবরাহ বৃদ্ধিতে সহায়তা প্রদান;

৬ বিধবা ও স্বামী নিগৃহীতাদের কল্যাণ ও সামাজিক সুরক্ষায় সরকার কর্তৃক গৃহীত স্বল্প, মধ্যম ও দীর্ঘমেয়াদী পরিকল্পনায় সন্নিবেশিত বিভিন্ন লক্ষ্য অর্জনে ভূমিকা রাখা।

**৪.০ কার্যক্রম বাস্তবায়নের কৌশল:**

(ক) সমাজসেবা অধিদফতরের Management Information System (MIS) অথবা এ সংক্রান্ত Apps ব্যবহার করে ইলেকট্রনিক পদ্ধতিতে বা সরাসরি আবেদন গ্রহণপূর্বক জাতীয় তথ্যভান্ডার (National Household Database) কিংবা সংশ্লিষ্ট উৎস হতে বিধবা এবং স্বামী নিগৃহীতাদের দারিদ্রতা সংক্রান্ত তথ্য যাচাই করে এ নীতিমালা অনুসরণপূর্বক প্রকৃত দুঃস্থ ও অসহায় বিধবা এবং স্বামী নিগৃহীতাদের তালিকা প্রণয়ন করে বরাদ্দ অনুযায়ী অগ্রাধিকার ভিত্তিতে G2P পদ্ধতিতে ভাতা প্রদান করা হবে।

(খ) উপকারভোগী নির্বাচন ও ভাতা বিতরণ কার্যক্রম বাস্তবায়নে ইলেকট্রনিক পদ্ধতি অনুসরণ করা হবে;

(গ) বিধবা এবং স্বামী নিগৃহীতা কর্মসূচি বাস্তবায়ন সংক্রান্ত অভিযোগ ব্যবস্থাপনা পদ্ধতি ডিজিটাইজ করতে হবে। সমাজসেবা অধিদপ্তরের MIS এ নাগরিকের প্রবেশাধিকারের বিষয়টি নিশ্চিত করে অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তির ব্যবস্থা করতে হবে।

**৫.০ কর্মসূচির পরিধি:** বিধবা ও স্বামী নিগৃহীতা জনসংখ্যার আনুপাতিক হারে সংশ্লিষ্ট অর্থবছরের বরাদ্দ অনুযায়ী সমগ্র বাংলাদেশের ১৮ (আঠারো) বছর বা তদূর্ধ বয়সের বিধবা ও স্বামী নিগৃহীতা ভাতা প্রাপ্তির যোগ্য নাগরিক এ কর্মসূচি'র আওতাভুক্ত হতে পারবেন।

**৬.০ বাস্তবায়ন কর্তৃপক্ষ:**

(ক) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সমাজকল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন সমাজসেবা অধিদপ্তর বিধবা ও স্বামী নিগৃহীতা ভাতা কর্মসূচি বাস্তবায়ন করবে। এ বাস্তবায়ন প্রক্রিয়া বিভাগ, জেলা, উপজেলা ও শহর সমাজসেবা কার্যালয়সমূহের সাংগঠনিক কাঠামোতে বিদ্যমান জনবল, জেলা ও উপজেলা প্রশাসনে কর্মরত অফিসার/কর্মচারী এবং ওয়ার্ড/ইউনিয়ন, পৌরসভা/সিটি কর্পোরেশন এলাকার সংশ্লিষ্ট জনপ্রতিনিধিদের সহায়তায় সম্পাদিত হবে।

(খ) বিধবা ও স্বামী নিগৃহীতা ভাতা কর্মসূচি সার্বিকভাবে তত্ত্বাবধানের জন্য মাননীয় অর্থমন্ত্রীর সভাপতিত্বে 'সামাজিক নিরাপত্তা কর্মসূচি সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি' থাকবে। তাছাড়া জাতীয় পর্যায়ে সচিব, সমাজকল্যাণ মন্ত্রনালয়ের সভাপতিত্বে জাতীয় স্টিয়ারিং কমিটি, মন্ত্রণালয় পর্যায়ে অতিরিক্ত সচিবের সভাপতিত্বে সমন্বয় ও মনিটরিং কমিটি এবং জেলা পর্যায়ে জেলা প্রশাসকের সভাপতিত্বে জেলা কমিটি কর্মপরিধি অনুযায়ী কার্যক্রম গ্রহণ করবে।

**৭.০ তথ্য সংগ্রহ ও তথ্য ভান্ডার তৈরি:**

বাংলাদেশের মোট জনগোষ্ঠীর একটি উল্লেখযোগ্য অংশ বিধবা ও স্বামী নিগৃহীতা ব্যক্তি। বিধবা ও স্বামী নিগৃহীতা ভাতাভোগী নির্বাচনসহ এ কার্যক্রমে জবাবদিহিতা ও স্বচ্ছতা আনয়নে সমাজসেবা অধিদপ্তর ও এর আওতাধীন সংশ্লিষ্ট দপ্তরসমূহ, জাতীয় পরিচয়পত্র অনুবিভাগের তথ্যভান্ডার অথবা সরকারের এতদসংক্রান্ত তথ্যভান্ডার হতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে পারস্পরিক সমঝোতার ভিত্তিতে তথ্য সংগ্রহপূর্বক বিধবা ও স্বামী নিগৃহীতা ব্যক্তিদের তথ্যভান্ডার তৈরি ও হালনাগাদ করা হবে। ভাতাভোগীর মৃত্যু সংক্রান্ত তথ্য স্থানীয় সরকার বিভাগের আওতাধীন জন্ম-মৃত্যু নিবন্ধন ও জাতীয় পরিচয়পত্র এর সাথে যাচাই করে তালিকা হালনাগাদ করা যাবে। সমাজসেবা অধিদপ্তর নিজস্ব MIS ব্যবহার করেও বিধবা ও স্বামী নিগৃহীতা ব্যক্তিদের এবং বিধবা ও স্বামী নিগৃহীতা কর্মসূচির আওতায় সুবিধাভোগীদের তথ্যভান্ডার তৈরি করতে পারবে।

**৮.০ প্রার্থী নির্বাচনের মানদন্ড:**

**(ক) নাগরিকত্ব:** প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে;

**(খ) বয়স:** বয়স অবশ্যই ১৮ (আঠারো) বছরের উর্ধ্বে হতে হবে। তবে সর্বোচ্চ বয়সের বিধবা /স্বামী নিগৃহীতাকে অগ্রাধিকার প্রদান করতে হবে;

(গ) **স্বাস্থ্যগত অবস্থা:** যিনি শারীরিকভাবে অক্ষম অর্থাৎ সম্পূর্ণরূপে কর্মক্ষমতাহীন তাকে সর্বোচ্চ অগ্রাধিকার দিতে হবে;

**(ঘ) আর্থ-সামাজিক অবস্থা:**

১. আর্থিক অবস্থার ক্ষেত্রে: নিঃস্ব, উদ্বাস্তু ও ভূমিহীনকে ক্রমানুসারে অগ্রাধিকার দিতে হবে;

২. সামাজিক অবস্থার ক্ষেত্রে: শিশু সন্তান রয়েছে এমন বিধবা / স্বামী নিগৃহীতা, পরিবার থেকে বিচ্ছিন্ন, নিঃসন্তান মহিলাদের ক্রমানুসারে অগ্রাধিকার দিতে হবে।

**৯.০ ভাতা প্রাপ্তির যোগ্যতা ও শর্তাবলি:**

১. সংশ্লিষ্ট এলাকার স্থায়ী বাসিন্দা হতে হবে;

২. জাতীয় পরিচয়পত্র থাকতে হবে;

৩. বয়স: বয়স অবশ্যই ১৮ (আঠারো) বছরের উর্ধ্বে হতে হবে;

৪. যিনি দুঃস্থ, অসহায়, যার ১৮ (আঠারো) বছর বয়সের নিচে ২টি সন্তান রয়েছে এবং যিনি অসুস্থ তিনি ভাতা পাওয়ার ক্ষেত্রে অগ্রাধিকার পাবেন;

৫. প্রার্থীর বার্ষিক গড় আয় অনূর্ধ্ব ১৫,০০০ (পঁনের হাজার) টাকা হতে হবে;

৬. বিধবা ও স্বামী নিগৃহীতাদের মধ্যে যারা বয়স্ক ভাতা প্রাপ্তির বয়সে যখন উপনীত হবেন, তাদেরকে তখন বয়স্ক ভাতা কর্মসূচিতে স্থানান্তর করা যাবে;

৭. বাছাই কমিটি কর্তৃক নির্বাচিত হতে হবে।

**১০.০ ভাতা প্রাপ্তির অযোগ্যতা:**

১. সরকারি কর্মচারী হিসেবে পেনশনভোগী হলে;

২. দুঃস্থ মহিলা হিসেবে ভিজিডি কার্ডধারী;

৩. অন্য কোনোভাবে নিয়মিত সরকারি অনুদান/ভাতা প্রাপ্ত হলে;

৪. কোনো বেসরকারি সংস্থা/সমাজকল্যাণমূলক প্রতিষ্ঠান হতে নিয়মিতভাবে আর্থিক অনুদান/ভাতা প্রাপ্ত হলে;

৫. পুনরায় বিবাহ বন্ধনে আবদ্ধ হলে অথবা স্বামীর সাথে বসবাস শুরু করলে।

**১১.০ প্রার্থী বাছাই পদ্ধতি:**

**১১.১ বাছাই কমিটি:**

বাছাই কমিটি বলতে এ নীতিমালার অনুচ্ছেদ ১৬-এ বর্ণিত কমিটিসমূহকে বোঝাবে। সংশ্লিষ্ট কমিটি নীতিমালার অনুচ্ছেদ ১১.৭ এ বর্ণিত সময় অনুসরণপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

**১১.২ ভাতা প্রদানের জন্য প্রচার ও দরখাস্ত আহবান:**

সরকারের আইসিটি বিষয়ক নীতি ও জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল বাস্তবায়নে সংশ্লিষ্ট কমিটি (ইউনিয়ন, উপজেলা, পৌরসভা ও সিটি কর্পোরেশন পর্যায়ের কমিটি) সুবিধাভোগী নির্বাচন প্রক্রিয়ায় স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের লক্ষ্যে স্থানীয় নির্বাচিত জনপ্রতিনিধি ও সর্বসাধারণকে সম্পৃক্ত করে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণ করবে। সভা, সেমিনার, ক্যাম্পেইন, সামাজিক যোগাযোগ মাধ্যম, উঠান বৈঠক, ইলেকট্রনিক/প্রিন্ট মিডিয়া, মাইকিং ইত্যাদি'র মাধ্যমে ভাতা প্রাপ্তির যোগ্য বিধবা ও স্বামী নিগৃহীতা ব্যক্তিদের অনলাইনে সংশ্লিষ্ট সমাজসেবা অফিসার বরাবর আবেদন করার বিষয়ে কমিটি অবহিত করবে।

**১১.৩ প্রার্থী বাছাই প্রক্রিয়া:**

১১.৩.১ ভাতা প্রাপ্তির যোগ্য বিধবা ও স্বামী নিগৃহীতা ব্যক্তি বা তার প্রতিনিধি প্রধানত ইউনিয়ন সমাজকর্মীর ডিভাইস/ ইউনিয়ন ডিজিটাল সেন্টার এবং অনন্যোপায় হলে অন্য কোন ইন্টারনেট এক্সেস পয়েন্ট হতে সমাজসেবা অধিদপ্তর এর এমআইএস-এ (mis.bhata.gov.bd/onlineApplication) লগইন করে নির্ধারিত ফরম এ আবেদন করবেন। এছাড়া জাতীয় তথ্যসেবা হেল্পলাইন ৩৩৩-তে ফোন করেও ভাতা প্রাপ্তির যোগ্য বিধবা ও স্বামী নিগৃহীতা ব্যক্তি বা তার প্রতিনিধি প্রয়োজনীয় তথ্য প্রদান করে আবেদন করতে পারবেন। দৈব-দুর্বিপাক অথবা অন্য কোন দুর্যোগজনিত কারণে নির্ধারিত সময়সীমার মধ্যে সমাজসেবা অফিসার বরাবর নির্দিষ্ট ফরম এ সরাসরি আবেদন (আবেদনপত্রের নমুনা ছক:সংলাগ-খ) করা যাবে। সমাজসেবা অফিসার অনলাইনে/ সরাসরি প্রাপ্ত আবেদনের তালিকা মন্তব্যসহ (যদি থাকে) প্রস্তুতপূর্বক ইউনিয়ন কমিটিতে প্রেরণ করবেন।

১১.৩.২. (ক) সংশ্লিষ্ট ইউনিয়ন কমিটি উপজেলা সমাজসেবা কার্যালয় থেকে প্রাপ্ত প্রয়োজনীয় তথ্য-উপাত্তসহ আবেদনের তালিকা বিদ্যমান নীতিমালার আলোকে যাচাই-বাছাইপূর্বক নির্ধারিত সময়ের মধ্যে প্রাথমিকভাবে উপযুক্ত আবেদনকারীদের তালিকা (নমুনা ছক:সংলাগ-গ)এবং অনুপযুক্ত আবেদনকারীদের তালিকা (যদি থাকে)(নমুনা ছক:সংলাগ-ঘ)প্রস্তুতপূর্বক চূড়ান্ত অনুমোদনের নিমিত্ত উপজেলা কমিটি বরাবর প্রেরণ করবে।

খ) উপজেলা কমিটি, ইউনিয়ন কমিটি হতে প্রাপ্ত তালিকাসমূহ পরবর্তী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে যাচাই-বাছাইপূর্বক বরাদ্দ অনুযায়ী চূড়ান্ত তালিকা (নমুনা ছক:সংলাগ-ঙ)এবং অগ্রাধিকারভিত্তিক অপেক্ষমাণ তালিকা (নমুনা ছক:সংলাগ-চ) প্রণয়ন করবে।

গ) সংশ্লিষ্ট সমাজসেবা অফিসার সিটি কর্পোরেশন ও পৌরসভার ক্ষেত্রে অনলাইনে/ সরাসরি প্রাপ্ত আবেদনসমূহ প্রয়োজনীয় তথ্য-উপাত্তসহ তালিকা বিদ্যমান নীতিমালার আলোকে যাচাই-বাছাইপূর্বক নির্ধারিত সময়ের (অনুচ্ছেদ ১১.৭) মধ্যে উপযুক্ত আবেদনকারীদের বরাদ্দ অনুযায়ী চূড়ান্ত তালিকা (নমুনা ছক: সংলাগ-ছ) প্রণয়ন, অগ্রাধিকারভিত্তিক অপেক্ষমাণ তালিকা (নমুনা ছক: সংলাগ - জ) এবং ভাতা প্রাপ্তির অনুপযুক্ত ব্যক্তিদের তালিকা (যদি থাকে) (নমুনা ছক: সংলাগ - ঝ) প্রণয়ন করবে।

ঘ) ইউনিয়ন কমিটি ইংরেজী বর্ষপঞ্জির ১০ সেপ্টেম্বর তারিখের মধ্যে প্রণীত তালিকা উপজেলা কমিটিতে প্রেরণ করবে। উক্ত সময়ের মধ্যে ইউনিয়ন কমিটি তালিকা প্রেরণে ব্যর্থ হলে উপজেলা কমিটি জরুরি সভা অনুষ্ঠানের মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসারকে আহবায়ক এবং উপজেলা সমাজসেবা অফিসারকে সদস্য সচিব করে ৫ (পাঁচ) সদস্য বিশিষ্ট একটি বিশেষ কমিটি গঠন করবে। উক্ত বিশেষ কমিটি নীতিমালা অনুযায়ী প্রাপ্ত আবেদনসমূহ যাচাই-বাছাই করে তালিকা চূড়ান্ত করবে এবং উপজেলা কমিটির অনুমোদনের জন্য উপস্থাপন করবেন। উপজেলা কমিটি নির্ধারিত সময় অর্থাৎ ৩০ সেপ্টেম্বর তারিখের মধ্যে বিশেষ কমিটি কর্তৃক চূড়ান্ত তালিকা অনুমোদন করবে। উপজেলা/পৌরসভা কমিটি নির্ধারিত সময়ের মধ্যে অর্থাৎ ইংরেজী বর্ষপঞ্জির ৩০ অক্টোবর তারিখের মধ্যে জেলা কমিটি তালিকা চূড়ান্ত করবে। চূড়ান্ত তালিকা সর্বসাধারণের অবগতির জন্য জেলা ও উপজেলা ওয়েব পোর্টালে প্রকাশ করতে হবে।

উপজেলা/ পৌরসভা/ সিটি কর্পোরেশন কমিটি নির্ধারিত সময়সীমার মধ্যে তালিকা চূড়ান্ত করতে অসমর্থ হলে পরবর্তী ০১ (এক) মাসের মধ্যে জেলা কমিটি তালিকা চূড়ান্ত করবে।

১১.৪ সংশ্লিষ্ট কমিটি কর্তৃক চূড়ান্ত ও অনুমোদিত ভাতাভোগীদের তথ্য সমাজসেবা অধিদপ্তরের MIS এ ইউনিয়ন/ পৌরসভা/ সিটি কর্পোরেশন এর ওয়ার্ডভিত্তিক সন্নিবেশ করতে হবে। সন্নিবেশিত তথ্য নির্বাচন কমিশনের সার্ভারে রক্ষিত জাতীয় পরিচয়পত্র ডাটাবেইজ এর সাথে যাচাই করতে হবে। MIS এ সন্নিবেশিত নতুন বা প্রতিস্থাপিত উপকারভোগীর তথ্য নিয়মিতভাবে হালনাগাদ করে রাখতে হবে।

১১.৫ উপজেলা/ শহর সমাজসেবা কার্যালয়ে ইউনিয়ন/ পৌরসভা/ সিটি কর্পোরেশনের ওয়ার্ডভিত্তিক সকল তালিকার সফটকপি এবং হার্ডকপি সংরক্ষণ করতে হবে।

১১.৬ চূড়ান্তভাবে নির্বাচিত ভাতাভোগীদের অনুকূলে প্রয়োজনীয় তথ্য সম্বলিত একটি পরিচয়পত্র (নমুনা ছক: সংলাগ-ঞ) ইস্যু করা হবে এবং পরিচয়পত্র বিতরণ সংক্রান্ত একটি রেজিস্ট্রার (নমুনা ছক: সংলাগ-ট) অফিসে সংরক্ষণ করতে হবে।

১১.৭ প্রচার, আবেদন গ্রহণ, যাচাই-বাছাই ও চূড়ান্ত অনুমোদনের সময়সীমা:

| ক্রমিক নং | কার্যক্রম | সর্বশেষ সময়সীমা |
|---|---|---|
| ১ | প্রচার | ৩১ জুলাই |
| ২ | আবেদনপত্র গ্রহণ | ৩১ আগষ্ট |
| ৩ | আবেদন যাচাই-বাছাই | ১০ সেপ্টেম্বর |
| ৪ | ইউনিয়ন কমিটি কর্তৃক উপজেলা কমিটির নিকট সুপারিশ প্রেরণ | ৩০ সেপ্টেম্বর |
| ৫ | উপজেলা/পৌর/মহানগর কমিটি কর্তৃক চূড়ান্ত অনুমোদন | ৩০ অক্টোবর |

**১২. যে সকল কারণে বিধবা ভাতা বাতিল করা যাবে:**

১২.১ ভাতাভোগী এলাকা ত্যাগ করে অন্যত্র চলে গিয়ে স্থায়ীভাবে বসবাস করলে কিংবা চলে যাওয়ার তারিখ হতে ১ (এক) বছরের মধ্যে নিজ এলাকায় প্রত্যাবর্তন না করলে ভাতাপ্রাপ্তদের তালিকা হতে তার নাম বাতিল করা হবে এবং তদস্থলে অপেক্ষমাণ তালিকার অগ্রাধিকার ক্রম অনুসরণ করে নতুন ব্যক্তিকে প্রতিস্থাপন করা যাবে। এক্ষেত্রে ইউনিয়ন পরিষদের সদস্য/ পৌরসভার কাউন্সিলর ও ইউনিয়ন/ পৌর সমাজকর্মীর যৌথ সুপারিশ উপজেলা/ পৌরসভা/ সিটি কর্পোরেশন কমিটির নিকট যৌক্তিক হতে হবে।

১২.২ সরকারি/ বেসরকারি/ অন্য কোনো সংস্থা হতে নিয়মিত আর্থিক সুবিধা গ্রহণ করলে;

১২.৩ ভাতার জন্য তালিকাভুক্তির পর ভাতা গ্রহণে ইচ্ছুক না হলে;

১২.৪ একই ব্যক্তি একাধিক এলাকায় ভাতা গ্রহণ করছেন কিংবা কোনো ধরণের মিথ্যা তথ্য প্রদান করেছেন মর্মে প্রমাণিত হলে তার ভাতা বাতিল করা হবে।

১২.৫ ভাতাভোগরত অবস্থায় পুনঃবিবাহ ও পুনরায় স্বামীর সহিত অবস্থান করলে।

**১৩. ভাতা পরিশোধ পদ্ধতি:**

১৩.১ বিধবা ও স্বামী নিগৃহীতা ভাতার অর্থ **Government to Person (G2P) Payment** পদ্ধতিতে অর্থাৎ অর্থবিভাগ ও বাংলাদেশ ব্যাংকের পেমেন্ট পদ্ধতি অনুসরণ করে সরাসরি ইলেকট্রনিক উপায়ে সরকারি কোষাগার হতে ভাতা গ্রহণকারীর মোবাইল/ ব্যাংক হিসাবে স্থানান্তর করতে হবে।

**১৩.২ G2P পেমেন্ট পদ্ধতি:**

১৩.২.১ সরকারের আইসিটি বিষয়ক নীতি এবং জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল বাস্তবায়নে সামাজিক নিরাপত্তা কর্মসূচির অধীন বিধবা ও স্বামী নিগৃহীতা ভাতার অর্থ সরাসরি ইলেকট্রনিক উপায়ে (G2P পদ্ধতি) ভাতাভোগীদের নিকট প্রেরণ করতে হবে। এ লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক ও অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত এতদসংক্রান্ত বিধি-বিধান অনুসরণ করতে হবে। আর্থিক প্রতিষ্ঠান নির্বাচনে সমাজকল্যাণ মন্ত্রণালয়ের অনুমোদন গ্রহণ করতে হবে।

১৩.২.২ সংশ্লিষ্ট কমিটি কর্তৃক অনুমোদিত ও সমাজসেবা অধিদপ্তরের MIS এ রক্ষিত ভাতাভোগীদের নামে নির্ধারিত আর্থিক প্রতিষ্ঠানের অনুকূলে মোবাইল/ ব্যাংক হিসাব খুলতে হবে। ইলেকট্রনিক উপায়ে ভাতাভোগীদের মোবাইল/ ব্যাংক হিসাবে ভাতার অর্থ স্থানান্তরের নিমিত্ত সংশ্লিষ্ট সমাজসেবা অফিসার মাসিক বা ত্রৈমাসিক ভিত্তিতে MIS হতে হালনাগাদ তালিকার একটি পে-রোল প্রস্তুত ও অনুমোদনপূর্বক অধিদপ্তরে প্রেরণ করবেন। সমাজসেবা অধিদপ্তরের মহাপরিচালক ডিডিও হিসেবে উক্ত পে-রোল

যাচাইপূর্বক অর্থ বিভাগের MIS এ প্রেরণ করবেন। অর্থ বিভাগ সমাজসেবা অধিদপ্তর থেকে প্রাপ্ত ভাতাভোগীদের তথ্য যাচাইপূর্বক ই-বিল দাখিলের জন্য ডিডিও বরাবর প্রেরণ করবেন। ডিডিও ই-বিল প্রস্তুতপূর্বক বাংলাদেশ ব্যাংকে EFT প্রেরণের নিমিত্ত চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার (সিএএফও), সমাজকল্যাণ মন্ত্রণালয় বরাবরে প্রেরণ করবেন। চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার বিধবা ও স্বামী নিগৃহীতা ভাতা খাতে বাজেটে বরাদ্দকৃত অর্থ নিশ্চিত হয়ে EFT'র জন্য বাংলাদেশ ব্যাংকে প্রেরণ করবেন। বাংলাদেশ ব্যাংক ভাতাভোগীদের মোবাইল/ব্যাংক হিসাবে ভাতার অর্থ প্রেরণের নিমিত্ত ভাতা বিতরণকারী আর্থিক প্রতিষ্ঠান (এমএফএস/ ব্যাংক/ অন্যান্য) এর নির্ধারিত ব্যাংকের সংশ্লিষ্ট হিসাবে প্রেরণ করবে। সংশ্লিষ্ট এমএফএস/ এজেন্ট ব্যাংক/ আর্থিক প্রতিষ্ঠান কর্তৃপক্ষ তার অধীন ভাতাভোগীদের মোবাইল হিসাব/ এজেন্ট ব্যাংক হিসাবে ভাতার অর্থ স্থানান্তর নিশ্চিত করবে এবং একইসাথে সমাজসেবা অধিদপ্তর নির্ধারিত কর্তৃক SMS এর মাধ্যমে ভাতাভোগীকে অবহিত করবে।

১৩.২.৩ ভাতাভোগী যৌক্তিক কারণ ব্যতিত মোবাইল হিসাব নম্বর পরিবর্তন করতে পারবেন না। ভাতাভোগীকে সমাজসেবা অফিসার বরাবরে মোবাইল হিসাব নম্বর পরিবর্তনের নির্ধারিত ফরম (সংলাগ-ঠ) এ আবেদন করতে হবে। পরিবর্তিত হিসাব নম্বরের তালিকা (সংলাগ-ড) উপপরিচালককে অবহিত করতে হবে। এক্ষেত্রে অধিদপ্তর কর্তৃক পে-রোল প্রেরণের নির্ধারিত সময়ের পূর্বেই মোবাইল হিসাব নম্বর পরিবর্তন নিশ্চিত করতে হবে। পে-রোল প্রেরণের পরে সংশ্লিষ্ট কিস্তিতে কোনক্রমেই নম্বর পরিবর্তন করা যাবে না।

১৩.২.৪ অর্থবছরের সর্বশেষ ইলেকট্রনিক বিল অর্থবিভাগ কর্তৃক নির্ধারিত তারিখের মধ্যে দাখিল করতে হবে।

১৩.২.৫ ভাতাভোগীগণ তাদের ব্যক্তিগত মোবাইল/ ব্যাংক হিসাবে ইলেকট্রনিক উপায়ে (EFT এর মাধ্যমে) জমাকৃত অর্থ সংশ্লিষ্ট মোবাইল আর্থিক প্রতিষ্ঠান (MFS) বা ব্যাংক এর ইউনিয়ন/ পৌরসভা ডিজিটাল সেন্টার কিংবা ভাতাভোগীদের নিকটবর্তী মোবাইল/ ব্যাংকিং এজেন্ট পয়েন্ট হতে উত্তোলন করবেন।

১৩.২.৬ যে সকল ভাতাভোগী অক্ষমতাজনিত কারণে পেমেন্ট পয়েন্ট এ উপস্থিত হয়ে ভাতা উত্তোলন করতে পারবেন না, সমাজসেবা অফিসার তাদের একটি তালিকা সংশ্লিষ্ট ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করবেন। সংশ্লিষ্ট ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান প্রয়োজনে অক্ষম ভাতাভোগীদের ভাতার অর্থ তাদের বাসস্থানে সরেজমিন উপস্থিত হয়ে যথাযথ পদ্ধতি অনুসরণ করে ভাতা প্রদানের ব্যবস্থা গ্রহণ করবেন।

১৩.২.৭ মৃত্যুজনিত কারণে মৃত ভাতাভোগীর মোবাইল/ ব্যাংক হিসাবে প্রেরিত অর্থ তার নমিনী প্রাপ্য হবেন। এক্ষেত্রে পূর্বেই সংশ্লিষ্ট নমিনির তথ্য সমাজসেবা অধিদপ্তরের MIS এ সন্নিবেশ করতে হবে।

১৩.২.৮ কোনো ভাতাভোগী মৃত্যুবরণ করলে, যে পেমেন্ট পিরিয়ডে (কিস্তিতে) তিনি মৃত্যুবরণ করেছেন, কেবলমাত্র উক্ত সময়ের অর্থ নমিনী প্রাপ্য হবেন, ওয়ারিশ হিসেবে অন্য কোন ব্যক্তি প্রাপ্য হবেন না। সমাজসেবা অফিসার মৃত্যুবরণকারী ভাতাভোগীর পরিবর্তে সংশ্লিষ্ট ওয়ার্ডের অগ্রাধিকার ভিত্তিতে প্রণীত ও অনুমোদিত অপেক্ষমাণ তালিকা হতে ক্রমানুসারে নতুন ভাতাভোগী হিসেবে নির্বাচনপূর্বক ভাতা প্রদান নিশ্চিত করবেন এবং বাস্তবায়ন কমিটির পরবর্তী সভায় তা উপস্থাপন করবেন। মৃত্যুজনিত কারণে প্রতিস্থাপিত নতুন ব্যক্তি চূড়ান্তভাবে নির্বাচিত হওয়ার পরবর্তী কিস্তি হতে ভাতা পাবেন। ভাতাভোগীর মৃত্যুজনিত কারণে তার মোবাইল/ ব্যাংক হিসাবে রক্ষিত ভাতার অর্থ প্রদানের জন্য নমিনী পাওয়া না গেলে বা নমিনী যোগাযোগ না করলে উক্ত অবিতরণকৃত অর্থ সংশ্লিষ্ট আর্থিক প্রতিষ্ঠান অর্থবছর শেষে ট্রেজারি চালানের মাধ্যমে সরকারি কোষাগারে ফেরত প্রদানপূর্বক অধিদপ্তরকে অবহিত করবে।

১৩.২.৯ সংশ্লিষ্ট আর্থিক প্রতিষ্ঠান প্রত্যেক কোয়ার্টার শেষে কিংবা সমাজসেবা অধিদপ্তরের চাহিদা মোতাবেক বিধবা ও স্বামী নিগৃহীতা ভাতার অর্থ বিতরণ সংক্রান্ত প্রতিবেদন দাখিল করবে। সমাজসেবা অধিদপ্তরের MIS এবং সংশ্লিষ্ট আর্থিক প্রতিষ্ঠানের পেমেন্ট সিস্টেমের সাথে Application Programing Interface (API) এর মাধ্যমে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ সংযোগ স্থাপন নিশ্চিত করবে।

১৩.২.১০ সরকার উপযুক্ত মনে করলে ভাতা পরিশোধের জন্য নতুন উদ্ভাবিত যে কোনো পদ্ধতি গ্রহণ ও পরিবর্তন করতে পারবে।

**১৪. ভাতাভোগীর তালিকা, অন্যান্য তথ্য এবং কোটা সংরক্ষণ:**

১৪.১ সমাজসেবা কার্যালয় মঞ্জুরীকৃত ভাতাভোগীদের তালিকা (Hard ও Soft কপি), প্রয়োজনীয় উপকরণ যেমন-আবেদনপত্র, ভাতা পরিশোধ বই বা ভাতার পরিচয়পত্র, জাতীয় পরিচয়পত্র, ছবি ও অন্যান্য তথ্যাদি এবং সংশ্লিষ্ট রেজিস্ট্রারাদি সংরক্ষণ করবে। কোনো ভাতাভোগীর মৃত্যু হলে তার স্থলে সংশ্লিষ্ট ওয়ার্ডে অগ্রাধিকার ভিত্তিতে প্রণীত অনুমোদিত অপেক্ষমাণ তালিকার ক্রমানুসারে ভাতা প্রদানের জন্য তালিকাভুক্ত করতে হবে।

১৪.২ ভাতাপ্রাপ্তির মানদন্ড অনুযায়ী প্রতিটি ওয়ার্ডে অগ্রাধিকারভিত্তিক একটি অপেক্ষমাণ তালিকা রাখা হবে। সংশ্লিষ্ট সমাজসেবা অফিসার এ সংক্রান্ত একটি রেজিষ্টার সংরক্ষণ করবেন।

১৪.৩ কোনো ভাতাভোগী মৃত্যুবরণ করলে তার নামে ইস্যুকৃত ভাতা পরিশোধ বই বা পরিচয়পত্র বাতিলপূর্বক সমাজসেবা অফিসার তাঁর কার্যালয়ে সংরক্ষণ করবেন।

১৪.৪ প্রতি বছর মৃত্যুবরণকারী ভাতাভোগীর তালিকা প্রণয়নপূর্বক মন্ত্রিপরিষদ কমিটির পরবর্তী সভায় মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর পেশ করবেন। এ জন্য মাঠ পর্যায় থেকে ৬ (ছয়) মাস পর পর এ তালিকা সমাজসেবা অধিদপ্তরে প্রেরণ করতে হবে। তাছাড়া মৃত ভাতাভোগীর স্থলে যথাসময়ে বিধি মোতাবেক নতুন ভাতাভোগী প্রতিস্থাপনপূর্বক ভাতা প্রদান করতে হবে। বিভাগীয় পরিচালক মাঠপর্যায় হতে প্রতি ৬ (ছয়) মাস অন্তর এ সংক্রান্ত তথ্য সংগ্রহপূর্বক তা মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর বরাবর প্রেরণ করবেন।

১৪.৫ সিটি কর্পোরেশন/ পৌরসভায় স্থায়ী আবাস পরিবর্তনকারী প্রার্থীর ক্ষেত্রে অন্ততঃ ১ (এক) বছর উক্ত এলাকায় স্থায়ীভাবে বসবাস করছেন মর্মে সংশ্লিষ্ট ওয়ার্ড কাউন্সিলর/ মেয়র-এর নিকট থেকে প্রত্যয়নপত্র গ্রহণ করতে হবে। কোনো ভাতাভোগী ভাতা গ্রহণের চূড়ান্ত তালিকায় অন্তর্ভুক্তির পর সংশ্লিষ্ট এলাকায় স্থায়ীভাবে বসবাস না করলে বাস্তবায়ন কমিটির সিদ্ধান্তক্রমে তার ভাতা প্রদানের আদেশ বাতিল করে তদস্থলে অপেক্ষমাণ তালিকা হতে অগ্রাধিকার ভিত্তিতে নতুন ব্যক্তিকে অন্তর্ভুক্ত করে ভাতা প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

১৪.৬ কোন ইউনিয়ন/ পৌরসভা/ উপজেলা/ সিটি কর্পোরেশন এর জন্য নির্ধারিত কোটা ঐ এলাকায় বসবাসকারী প্রয়োজনীয় যোগ্যতাসম্পন্ন প্রার্থী দ্বারা পূরণ করা সম্ভব না হলে তার পার্শ্ববর্তী ইউনিয়ন/ পৌরসভা/ উপজেলা/ সিটি কর্পোরেশন যেখানে অধিক সংখ্যক ভাতা প্রাপ্তির যোগ্যতা সম্পন্ন ব্যক্তি রয়েছে, সংশ্লিষ্ট বাস্তবায়ন কমিটির সিদ্ধান্তক্রমে এবং একই জেলার অধীন অন্য উপজেলা বা পৌরসভায় স্থানান্তর করতে হলে জেলা কমিটির সিদ্ধান্তক্রমে ঐ এলাকার কোটা পূরণের পর অবশিষ্ট কোটা সেখানে স্থানান্তর করা যাবে। এক্ষেত্রে বরাদ্দ সংশোধনের নিমিত্ত প্রয়োজনীয় তথ্য সমাজসেবা অধিদপ্তরকে অবহিত করতে হবে।

১৪.৭ প্রতি কিস্তির পে-রোল প্রেরণ শেষে কিস্তিভিত্তিক উপকারভোগীর তালিকার সফটকপি এবং হার্ডকপি (নমুনা ছক: সংলাগ-ঢ) অফিসে সংরক্ষণ করতে হবে।

১৪.৮ সমাজসেবা অফিসার ভাতার বরাদ্দ, বিতরণ, অবিতরণ, মৃত্যু, অন্যত্র চলে যাওয়া বা অন্যান্য কারণে স্থলাভিষিক্ত ভাতাভোগী সংক্রান্ত সমন্বিত বার্ষিক সমাপনী প্রতিবেদন যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সমাজসেবা অধিদপ্তরে প্রেরণ করবেন।

১৪.৯ (ক) ইউনিয়ন, উপজেলা, পৌরসভা ও সিটি কর্পোরেশনের নতুন প্রার্থীর সংখ্যা সারাদেশের বিধবা ও স্বামী নিগৃহীতা জনসংখ্যার আনুপাতিক হারে নির্ণয় করা হবে;

(খ) বিশেষ বিবেচনায় কিংবা প্রাকৃতিক দুর্যোগ কিংবা সরকার কর্তৃক ঘোষিত বিশেষ এলাকা অর্থাৎ দরিদ্র ও পশ্চাৎপদ এলাকার (চর/পাহাড়ী/দুর্যোগপ্রবণ/ উপকূলীয় ও দুর্গম এলাকা) জন্য সমাজকল্যাণ মন্ত্রণালয় বিশেষ কোটা সংরক্ষণ করতে পারবে;

গ) সরকার জাতীয় স্বার্থে বিশেষ বিবেচনায় বাংলাদেশের যে কোন এলাকার জন্য বিধবা ও স্বামী নিগৃহিতা ভাতা খাতে সাধারণ বরাদ্দের অতিরিক্ত বরাদ্দ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে পারবে;

(ঘ) এ নীতিমালা জারির পর হতে বাজেটে বরাদ্দকৃত অর্থের অতিরিক্ত বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে সমাজকল্যাণ মন্ত্রণালয় উক্ত বরাদ্দের ১০% পর্যন্ত বিশেষ কোটা সংরক্ষণ করতে পারবে।

**১৫. পরিবীক্ষণ ও মূল্যায়ন :**

১. জাতীয় পর্যায়ে একটি কর্মসূচি সুষ্ঠু ও সুচারুরূপে পরিচালনার ক্ষেত্রে পরিবীক্ষণ ও তত্ত্বাবধানের গুরুত্ব অপরিসীম। ''সামাজিক নিরাপত্তা বেষ্টনী'' সুদৃঢ়করণে বিধবা ও স্বামী নিগৃহীতা কার্যক্রমের প্রভাব, আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন/পরিবর্তন, পরবর্তী পরিকল্পনা/কর্মসূচি গ্রহণের জন্য সমাজকল্যাণ মন্ত্রণালয় এবং সমাজসেবা অধিদপ্তর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

২. উপজেলা/ শহর সমাজসেবা অফিসার নিয়মিতভাবে মৃত বা অন্যান্য কারণে হালনাগাদকৃত তথ্য MIS এ সন্নিবেশ করবেন। জেলার দায়িত্বে নিয়োজিত উপপরিচালক তার অধীন সংশ্লিষ্ট কার্যালয়ের এ সংক্রান্ত কার্যক্রম তদারকি করবেন। পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয় তাঁর অধীনস্ত জেলা বা জেলাধীন কার্যালয়সমূহের এ সংক্রান্ত কার্যক্রম তদারকি করবেন এবং প্রার্থী বাছাই, অনুমোদন, প্রতিস্থাপন, MIS এ তথ্য সন্নিবেশ ও হালনাগাদকরণ, পেরোল প্রেরণ, পেরোল রিকনসিলিয়েশন, অভিযোগসহ (যদি থাকে) সার্বিক কার্যক্রমের প্রতিবেদন অধিদপ্তরে প্রেরণ করবেন।

৩. বিভাগীয় পরিচালক, উপপরিচালক ও উপজেলা/শহর সমাজসেবা অফিসারগণের পাশাপাশি জেলা কমিটি ও উপজেলা/শহর পর্যায়ে গঠিত বাস্তবায়ন কমিটি এ কর্মসূচির সার্বিক বিষয়াদি পরিবীক্ষণ ও তত্ত্বাবধান করবেন। সদর কার্যালয়ে গঠিত মনিটরিং সেলে নিয়োজিত অফিসারবৃন্দ কর্তৃপক্ষের নির্দেশক্রমে নিয়মিতভাবে উপজেলা/শহর সমাজসেবা কার্যালয় পরিচালিত এ কার্যক্রম পরিবীক্ষণ ও তত্ত্বাবধান করবেন। তাছাড়া বর্ণিত কার্যক্রমসমূহ বাস্তবায়নের জন্য গঠিত জাতীয় স্টিয়ারিং কমিটি এবং মন্ত্রিসভা কমিটিও প্রতি বছর বাস্তবায়নের অগ্রগতি মূল্যায়নপূর্বক পরবর্তী নির্দেশনা প্রদান করবেন।

৪. সমাজকল্যাণ মন্ত্রণালয়ের অনুমোদনক্রমে সরকারি/বেসরকারি পর্যায়ে গবেষণামূলক প্রতিষ্ঠানকে বিধবা ও স্বামী নিগৃহীতা কর্মসূচি এর সার্বিক মূল্যায়নের দায়িত্ব প্রদান করা যাবে।

**১৬. বিধবা ও স্বামী নিগৃহীতা ভাতা কর্মসূচি বাস্তবায়ন সংক্রান্ত কমিটিসমূহ:**

**১৬.১ ইউনিয়ন কমিটি**

**১৬.১.১ ইউনিয়ন কমিটির রূপরেখা :**

| | | |
|---|---|---|
| ১. | চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ | -সভাপতি |
| ২. | স্থানীয় মাননীয় সংসদ সদস্যের প্রতিনিধি ২ (দুই) জন (১ জন পুরুষ ও ১ জন মহিলা) | - সদস্য |
| ৩. | চেয়ারম্যান, উপজেলা পরিষদ এর প্রতিনিধি ১ (এক) জন | - সদস্য |
| ৪ | উপজেলা নির্বাহী অফিসার এর প্রতিনিধি ১ (এক) জন | - সদস্য |
| ৫ | সাধারণ সদস্য/ সংরক্ষিত আসনের মহিলা সদস্য, ইউনিয়ন পরিষদ | - সদস্য |
| ৬ | ইউনিয়ন সমাজকর্মী | -সদস্য সচিব। |

১৬.১.২ **নির্বাচন স্থগিত এমন ইউনিয়ন কমিটি:**

| | | |
|---|---|---|
| ১. | উপজেলা সমাজসেবা অফিসার | -সভাপতি |
| ২. | সংশ্লিষ্ট ইউনিয়নের প্রতিটি ওয়ার্ড হতে মাননীয় সংসদ সদস্য কর্তৃক মনোনীত ১ (এক) জন গণ্যমান্য ব্যক্তি | - সদস্য |
| ৩. | চেয়ারম্যান, উপজেলা পরিষদ এর প্রতিনিধি ১ (এক) জন | - সদস্য |
| ৪ | উপজেলা নির্বাহী অফিসার -এর প্রতিনিধি ১ (এক) জন ইউনিয়ন পরিষদের সচিব | - সদস্য |
| ৫ | ইউনিয়ন সমাজকর্মী | -সদস্য সচিব |

১৬.১.৩ **কমিটির কর্মপরিধি :**

১. অনুচ্ছেদ ১১.৩ এর আলোকে ইউনিয়ন কমিটি প্রতি অর্থবছরের শুরু হতেই ভাতাভোগীদের ভাতা প্রদানের নিমিত্ত নির্ধারিত সময়সীমার মধ্যে প্রচার-প্রচারণা, আবেদনগ্রহণ, যাচাই-বাছাই করে সুপারিশসহ উপজেলা কমিটির নিকট প্রাথমিক তালিকা প্রেরণ নিশ্চিত করবে;

২. জাতীয় প্রয়োজনে বা প্রাকৃতিক দুর্যোগ যেমন-বন্যা, ঘূর্ণিঝড়, জলোচ্ছাস ইত্যাদি কারণে কর্তৃপক্ষের অনুমোদনক্রমে যৌক্তিকভাবে সময় বৃদ্ধি করা যাবে;

৩. নির্ধারিত সময়ের মধ্যে ইউনিয়ন কমিটি উপজেলা কমিটিতে তালিকা প্রেরণে অসমর্থ হলে উপজেলা কমিটি পরবর্তী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে প্রাপ্ত আবেদন নীতিমালা অনুযায়ী যাচাই-বাছাই করে তালিকা চূড়ান্ত করবে;

৪. প্রাথমিকভাবে প্রার্থী বাছাই সংক্রান্ত অভিযোগের নিষ্পত্তিকরণ; আপীলের প্রশ্ন দেখা দিলে তা নিষ্পত্তির জন্য উপজেলা কমিটিতে প্রেরণ করবে;

৫. কমিটির এক তৃতীয়াংশ সদস্যের উপস্থিতিতে কোরাম পূর্ণ হবে;

৬. প্রতি ৩ (তিন) মাস অন্তর সভা আহবান করতে হবে।

**১৬.১.৪ স্থানীয় গণ্যমান্য ব্যক্তি বলতে নিম্নবর্ণিত ব্যক্তিকে বুঝাবে**

১. নেতৃস্থানীয় সমাজসেবক/সংগঠক

২. শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান

৩. ধর্মীয় প্রতিষ্ঠানের প্রধান

৪. অবসরপ্রাপ্ত বেসামরিক/সামরিক কর্মকর্তা/কর্মচারী

১৬.২ **উপজেলা কমিটি:**

**১৬.২.১ কমিটির রূপরেখা:**

| | | |
|---|---|---|
| ১. | চেয়ারম্যান, উপজেলা পরিষদ | - সভাপতি |
| ২. | উপজেলা নির্বাহী অফিসার | -সহ-সভাপতি |
| ৩. | ভাইস চেয়ারম্যানগণ, উপজেলা পরিষদ | - সদস্য |
| ৪. | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা | - সদস্য |
| ৫. | অফিসার ইনচার্জ, (সংশ্লিষ্ট থানা) | - সদস্য |
| ৬. | উপজেলা শিক্ষা অফিসার | - সদস্য |
| ৭. | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার | - সদস্য |
| ৮. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | - সদস্য |
| ৯. | উপজেলা নির্বাচন অফিসার | - সদস্য |
| ১০. | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | - সদস্য |
| ১১. | উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা | - সদস্য |
| ১২. | উপজেলা মুক্তিযোদ্ধা সংসদের কমান্ডার বা তার ১ (এক) জন প্রতিনিধি | - সদস্য |
| ১৩. | চেয়ারম্যান (সকল), ইউনিয়ন পরিষদ | - সদস্য |
| ১৪. | সংশ্লিষ্ট ব্যাংক/ মোবাইল আর্থিক প্রতিষ্ঠানের প্রতিনিধি | - সদস্য |
| ১৫. | উপজেলা সমাজসেবা অফিসার | - সদস্য সচিব |

**বিঃ দ্রঃ** ১) স্থানীয় মাননীয় সংসদ সদস্য কমিটির উপদেষ্টা হিসেবে প্রয়োজনীয় উপদেশনা প্রদান করবেন।

২) স্থানীয় কলেজের অধ্যক্ষ/প্রতিনিধি (সরকারি কলেজের অধ্যক্ষ/প্রতিনিধি অগ্রগণ্য), স্থানীয় প্রবীণ সংগঠন, সমাজকল্যাণমূলক কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট সংগঠন হতে কমিটি অনধিক ৩ (তিন) জন সদস্য প্রয়োজনে কো-অপ্ট করতে পারবে।

১৬.২.২ **কমিটির কর্মপরিধি**

১. অনুচ্ছেদ ১১.৩ এর আলোকে ইউনিয়ন কমিটি হতে প্রাপ্ত প্রাথমিক তালিকা যাচাই-বাছাইপূর্বক নির্ধারিত সময়সীমার মধ্যে চূড়ান্ত করবে। উক্ত সময়ে উপজেলা কমিটি জেলা কমিটি কর্তৃক তালিকা চূড়ান্তকরণ সম্ভব না হলে পরবর্তী ১ (এক) মাসের মধ্যে বিদ্যমান নীতিমালার আলোকে জেলা কমিটি উক্ত তালিকা যাচাই-বাছাইপূর্বক চূড়ান্ত করবে;

২. ভাতা প্রদান কার্যক্রম তদারকীসহ এ সংক্রান্ত যাবতীয় আপীল অভিযোগ নিষ্পত্তি করবে;

৩. সরকার নির্ধারিত মোবাইল আর্থিক প্রতিষ্ঠান/ ব্যাংকের নিকটতম শাখা/ এজেন্ট পয়েন্ট বা সরাসরি মোবাইল হিসাব হতে ভাতাভোগী কর্তৃক ভাতা উত্তোলনে যে কোন সমস্যা নিরসনে উদ্যোগ গ্রহণ করবে;

৪. উচ্চতর কমিটির নির্দেশনা বাস্তবায়ন এবং উচ্চতর কমিটির নিকট সুপারিশ প্রেরণ করবে;

৫. কমিটির এক তৃতীয়াংশ সদস্যের উপস্থিতিতে সভার কোরাম পূর্ণ হবে;

৬. বছরে অন্ততঃ ৩ (তিন) বার কমিটির সভা আহবান করতে হবে।

৭. উপজেলা বিধবা ও স্বামী নিগৃহীতা ভাতা কর্মসূচি বাস্তবায়ন কমিটি প্রয়োজনে ‘সামাজিক নিরাপত্তা ব্যবস্থাপনা সংক্রান্ত উপজেলা কমিটি’র সাথে সমন্বয় করবে।

**১৬.৩ পৌরসভা কমিটি (সকল শ্রেণির পৌরসভার জন্য):**

**১৬.৩.১ কমিটির রূপরেখা:**

| | | |
|---|---|---|
| ১ | অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) (জেলা পর্যায়ের পৌরসভা)/উপজেলা নির্বাহী অফিসার (উপজেলা পর্যায়ের পৌরসভা) | সভাপতি |
| ২ | স্থানীয় মাননীয় সংসদ সদস্যের প্রতিনিধি ২ (দুই) জন (১ জন পুরুষ ও ১ জন মহিলা) | - সদস্য |
| ৩ | পৌরসভার মেয়র এর ১ (এক) জন প্রতিনিধি | - সদস্য |
| ৪ | পুলিশ সুপারের প্রতিনিধি (জেলা পর্যায়ের পৌরসভার জন্য)/ থানার অফিসার ইনচার্জ (উপজেলা পর্যায়ের পৌরসভার জন্য) | - সদস্য |
| ৫ | সিভিল সার্জনের প্রতিনিধি (জেলা পর্যায়ের পৌরসভার জন্য)/ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা (উপজেলা পর্যায়ের পৌরসভার জন্য) | - সদস্য |
| ৬ | জেলা/উপজেলা মুক্তিযোদ্ধা সংসদের কমান্ডার বা তার ১ (এক) জন প্রতিনিধি | - সদস্য |
